কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন **"এই যুগ"** অফিসে।

ফোন নং: **9062867921** ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 23 MARCH 2026 ,MONDAY | ২৩ মার্চ ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-111


## সোমবার প্রকাশিত হবে "সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট"





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২২ মার্চ :** ২৩ শে মার্চ সোমবার রাজ্যের সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট প্রকাশিত হবে । সোমবার এর পর থেকে প্রতি সপ্তাহে শুক্রবার প্রকাশ করা হবে "সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট" । নির্বাচন কমিশন সুত্রে খবর , প্রত্যেক বুথে এই সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট টাঙিয়ে দেওয়া হবে । এখনো পর্যন্ত পশ্চিমবঙ্গে প্রায় ৮০ হাজার ৭১৯ টি বুথের মধ্যে ৪০ হাজার বুথের সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট তৈরি। সাপ্লিমেন্টারি ভোটার তালিকা ধাপে ধাপে প্রকাশের নির্দেশ দিয়েছিল দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্ট । সুপ্রিম কোর্টের নির্দেশেই ধাপে ধাপে সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশিত করবে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে , সোমবার এই "সাপ্লিমেন্টারি ভোটার তালিকা" প্রকাশিত করা হবে । এখনো পর্যন্ত আন্ডার অ্যাজুডিকেশনে থাকা ২৮ লক্ষ ভোটারের নথিপত্র যাচাই এর কাজ সম্পন্ন করেছেন মাননীয় বিচারপতিরা । সোমবার এই ২৮ লক্ষ ভোটারের নাম প্রকাশ হতে চলেছে । চূড়ান্ত ভোটার তালিকায় নাম ওঠা এবং যাদের নাম চূড়ান্ত ভোটার তালিকায় ওঠেনি এই দুই লিস্ট আলাদা ভাবে প্রকাশ করা হবে সোমবারই বলে জানা গেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে। তবে সোমবার "সাপ্লিমেন্টারি ভোটার তালিকা" প্রকাশিত করার সময় যাতে কোন অসুবিধায় পড়তে না হয় সেজন্য শনিবার নবান্নের তরফে সকল জেলা শাসক দের নির্দেশ দেওয়া হয়েছে ইতিমধ্যেই । সকল নিরাপত্তার মধ্যে "সাপ্লিমেন্টারি ভোটার তালিকা "প্রকাশিত হবে সেটা বলাই বাহুল্য।

## খারাপ আবহাওয়ার জন্য বাতিল আলিপুরদুয়ারে মমতা বন্দ্যোপাধ্যায় এর নির্বাচনী জনসভা



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে দলীয় প্রার্থীদের সমর্থনে উত্তরবঙ্গে কয়েকটি জনসভা করার কথা তৃণমূল সুপ্রীমো মমতা বন্দ্যোপাধ্যায় এর। আলিপুরদুয়ার বিধানসভা কেন্দ্রে চব্বিশে মার্চ মমতা বন্দ্যোপাধ্যায় সভা করবেন বলে ঠিক ছিলো। সেইমতো প্রস্তুতিও শুরু করা হয়েছিলো দলের পক্ষ থেকে, চলছিলো প্রশাসনিক প্রস্তুতি। তৃণমূলের জেলা সভাপতি প্রকাশ চিক বরাইক রবিবার জানান খারাপ আবহাওয়ার জন্য আলিপুরদুয়ারে মমতা বন্দ্যোপাধ্যায় এর পূর্ব নির্ধারিত সভা বাতিল করা হয়েছে। উল্লেখ্য কয়েকদিন ধরেই শিলিগুড়ি ,জলপাইগুড়ি ,আলিপুরদুয়ার সহ কোচবিহারে চলছে দূর্যোগপূর্ন আবহাওয়া। এই পরিস্থিতিতে মমতা বন্দ্যোপাধ্যায় এর সভা বাতিল করা হয়েছে। পরবর্তী সভার তারিখ ঠিক হলেই ফের জানিয়ে দেওয়া হবে বলে জানান প্রকাশ চিক বরাইক।

# চোপরায় প্রতারনা করে শিলিগুড়িতে গা ঢাকা অবস্থায় গ্রেপ্তার এক ব্যক্তি



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২২ মার্চ :** দক্ষিন দিনাজপুর জেলার চোপরা থানা এলাকায় প্রতারনা করে শিলিগুড়িতে গা ঢাকা দিয়েও শেষ রক্ষা হলোনা, পুলিশের হাতে গ্রেপ্তার হতে হলো প্রতারককে। জানা গেছে এক ব্যক্তি নিজেকে বেসরকারি প্রতিষ্ঠানের ম্যানেজার পরিচয় দিয়ে চোপরা থানা এলাকায় বিভিন্ন ব্যক্তির থেকে নানা অজুহাতে টাকা তুলতো। পরে টাকা ফেরত দেবার প্রতিশ্রুতি দিয়ে টাকা তুলে টাকা ফেরত না দিয়ে চোপরা থেকে পালিয়ে যায় সেই ব্যক্তি। প্রতারিত এক মহিলা চোপরা থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে চোপরা থানার পুলিশ তদন্ত শুরু করে জানতে পারে অভিযুক্ত ব্যক্তি শিলিগুড়িতে গা ঢাকা দিয়ে আছে। চোপরা থানার পুলিশ শিলিগুড়ি আসে ও শিলিগুড়ি পুলিশের সহায়তায় জানতে পারে অভিযুক্ত ব্যক্তি শিলিগুড়ির আশিঘর এলাকায় অবস্থান করছে। আশিঘর ফাঁড়ির পুলিশ এর সাহায্যে অভিযুক্তকে গ্রেপ্তার করা হয় ও শিলিগুড়ি থানায় নিয়ে আসা হয়। সমস্ত আইনী প্রক্রিয়া সম্পন্ন করে অভিযুক্তকে চোপরা থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। চোপরা থানার পুলিশ ধৃতকে নিয়ে পরবর্তী পদক্ষেপের জন্য চোপরায় নিয়ে যায় বলে জানা গেছে।

# মধ্য পারোকাটায় সোনার হার নিয়ে মারপিট



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মার্চ :** দুই বোনের মারামারিকে কেন্দ্র করে বেধড়ক মার খেলেন বড় বোন। তার চিকিৎসা চলছে আলিপুরদুয়ার দুই নম্বর ব্লকের যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে এমনটাই দেখা গেল হাসপাতালে গিয়ে রবিবার বিকেল পাঁচটা নাগাদ। যদিও যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালের চিকিৎসক ওই মহিলাকে উন্নত চিকিৎসার জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন মহিলার পরিবারের সদস্যদের। জানা গেছে শামুকতলা থানার দক্ষিণ ঢালকর এলাকার গৃহবধূ মামনি সরকার তার বোন শিখা পালের কাছে একটি সোনার হার রেখেছিলেন ৫০০০০ টাকার বিনিময়ে প্রায় তিন বছর আগে। গত শনিবার সেই সোনার হার টাকা দিয়ে আনতে গেলে বেধড়কভাবে তাকে পেটানো হয়। এমনকি তাকে মেরে ফেলার হুমকিও দেওয়া হয় তার বোনের তরফ থেকে। শেষ পর্যন্ত মহিলাকে বাড়ি থেকে বের করে প্রায় দেড় কিলোমিটার দূরে গিয়ে রেখে দেয় মহিলার বোনের ছেলে। পরবর্তীতে মামনি সরকার তার ছেলেকে খবর দিলে তার ছেলে এসে তাকে নিয়ে যায় । রবিবার বেলা বারোটা নাগাদ মামনি সরকার শামুকতলা রোড পুলিশ ফাঁড়িতে অভিযোগ দায়ের করতে আসার পরেই অজ্ঞান হয়ে পড়ে যান পুলিশ ফাঁড়িতেই। তড়িঘড়ি তাকে শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক তার নিজস্ব গাড়িতেই যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে এসে ভর্তি করান। বিকেল পাঁচটা নাগাদ তার অবস্থার অবনতি হলে তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়। পুলিশ সূত্রে জানা গেছে মামনি সরকার তার বোন শিখা পাল এবং তার ছেলের বিরুদ্ধে লিখিত অভিযোগে দায়ের করেছেন। শিখা পাল এর বাড়ি শামুকতলা থানার মধ্য পারোকাটা এলাকায়। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্তের আশ্বাস দিয়েছে।

# নির্বাচনের আগে কড়া নিরাপত্তা, মাঠে পুলিশ সুপার





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২২ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে এবং সাধারণ মানুষকে নির্ভয়ে ভোটদানের বার্তা দিতে রবিবার মাঠে নামলেন জলপাইগুড়ি জেলার পুলিশ সুপার অমরনাথ কে। ছুটির দিনেও তিনি চা-বাগান অধ্যুষিত একাধিক সংবেদনশীল এলাকায় সরেজমিনে পরিদর্শন করেন।প্রথমে মালবাজার, এরপর বানারহাট থানার অন্তর্গত বিভিন্ন চা-বাগান এলাকার সেনসিটিভ বুথ ঘুরে দেখেন পুলিশ সুপার। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন জলপাইগুড়ি গ্রামীণ পুলিশের আধিকারিক উত্তম ঘোষ, বানারহাট থানার আইসি সুরজ থাপা-সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা।পরিদর্শনের সময় পুলিশ সুপার সরাসরি স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন। কোথাও কোনো সমস্যা রয়েছে কিনা, কেউ কোনো হুমকি পাচ্ছেন কিনা এই সমস্ত বিষয় খতিয়ে দেখেন তিনি। পাশাপাশি ভোটের দিন যাতে সাধারণ মানুষ নির্ভয়ে ভোট দিতে পারেন, সেই আশ্বাসও দেন।এদিন পুলিশের পক্ষ থেকে সচেতনতার বার্তাও দেওয়া হয়। জানানো হয়, যদি কেউ টাকা দিয়ে প্রভাবিত করার চেষ্টা করে, মদ বিতরণ করে বা ভয় দেখায়, তাহলে সঙ্গে সঙ্গে পুলিশকে জানাতে হবে।হঠাৎ করেই এলাকায় পুলিশ সুপারকে কাছে পেয়ে স্বাভাবিকভাবেই খুশি হন স্থানীয় বাসিন্দারা। নিজেদের সমস্যার কথা সরাসরি তুলে ধরতে পেরে একপ্রকার স্বস্তি ও আত্মবিশ্বাস ফিরে পেয়েছেন তাঁরা।পুলিশ সুপার অমরনাথ কে জানান, জেলায় প্রায় ১১০০ জন অভিযুক্ত রয়েছেন যাদের বিরুদ্ধে ওয়ারেন্ট জারি রয়েছে। এছাড়া বিভিন্ন সময়ে অশান্তি সৃষ্টির সঙ্গে যুক্ত এমন প্রায় ১২০ স্পর্শকাতার বুথ চিহ্নিত করা হয়েছে এবং তাঁদের উপর কড়া নজর রাখা হচ্ছে। নির্বাচনকে সামনে রেখে জেলা জুড়ে প্রায় ২০টি স্থানে নাকা চেকিং চালানো হচ্ছে, যেখানে নিয়মিত গাড়ি তল্লাশি চলছে।তিনি আরও জানান, নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনেই কাজ করা হচ্ছে এবং কোনোভাবেই সিভিক ভলান্টিয়ারদের নির্বাচনী দায়িত্বে ব্যবহার করা হবে না।সব মিলিয়ে, নির্বাচনকে ঘিরে আইনশৃঙ্খলা বজায় রাখতে জেলা পুলিশের তৎপরতা যে বাড়ানো হয়েছে, তা স্পষ্ট এই পরিদর্শনের মধ্য দিয়ে।

# ২৭ টি স্পর্শ কাতর বুথ আছে আলিপুরদুয়ার জেলায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মার্চ :** আলিপুরদুয়ার জেলাতে ২৭ টি স্পর্শকাতর বুথ আছে আরো থাকলে সেগুলো মার্ক করা হবে এবং উপরে পাঠানো হবে আর সেগুলো কমানোর চেষ্টা করা হচ্ছে বলে জানান আলিপুরদুয়ার পুলিশ সুপার অমিত কুমার সাউ। এদিন আলিপুরদুয়ার জেলার প্রতিটি থানা এলাকায় রুট মার্চে অংশগ্রহণ করে পুলিশ সুপার জনগণের সাথে কথা বলে। পুলিশ সুপার জানান জেলায় এখন ওবধি সাত কোম্পানি কেন্দ্রীয় বাহীনি এসেছে আরো আসবে। জেলাতে মোট ষোলো খানা নাকা চেকিং পয়েন্ট আছে ভুটান সীমান্ত এলাকায় চেকিং পয়েন্ট আছে। পুলিশ সুপার জানান সকাল বিকেল রুটমার্চ চলছে আর শান্তিপূর্ণ নির্বাচন করতে আমরা বদ্ধপরিকর।

# আদালতের নির্দেশে পাত্রর বাড়ি থেকে বিয়ের সামগ্রী উদ্ধার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মার্চ :** আদালতের নির্দেশে স্বামীর বাড়ি থেকে বিয়ের সামগ্রী তুলে আনলেন শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। এমনকি স্ত্রীর উপার্জনের টাকায় লাগানো বাড়ির গ্রীল ঘরের টিন খুলে আনার নির্দেশ দিলেন আদালত। পাঁচ বছর আগে বিয়ে হয়েছিল কামাখ্যাগুড়ি এলাকার বাসিন্দা সবিতা দাসের শামুকতলা থানার পুটিমারী এলাকার অমল দাসের সঙ্গে। তাদের একটি তিন বছরের সন্তানও আছে। এরই মধ্যে পাশের বাড়ির এক বিধবা মহিলাকে নিয়ে পালিয়ে গেছে ওই ব্যক্তি। এরপরেই সবিতা দেবী বিবাহ বিচ্ছেদের মামলা করেন আলিপুরদুয়ার জেলা আদালতে। তার স্বামী দীর্ঘদিন নিখোঁজ থাকায় বিপাকে পড়েছিল বিচারক। অবশেষে নির্দেশ দেওয়া হয় স্বামীর বাড়ি থেকে বিবাহের সামগ্রী সহ মহিলার উপার্জিত সম্পদ তাকে ফিরিয়ে দেওয়ার ।এদিন পুলিশ এলাকার বাসিন্দাদের উপস্থিতিতে বিয়ের সামগ্রীসহ ঘরের গ্রীল খুলে আনে। শামুকতলা রোড ফাঁড়ির সঞ্জীব মোদক জানিয়েছেন আদালতের নির্দেশ পেয়েই তারা বিয়ের সামগ্রী তুলে এনেছেন।

# আসন্ন নির্বাচনকে শান্তিপূর্ণ করার লক্ষ্যে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে, জানালেন মালদহ জেলা পুলিশ সুপার



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২২ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচনকে মালদহ জেলায় শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে বলে জানান মালদহ জেলা পুলিশ সুপার অনুপম সিং। রবিবার মালদহ রেঞ্জের আই জি পি দীপনারায়ন গোস্বামী ও জেলা পুলিশ সুপার অনুপম সিং মালদহ জেলার বিভিন্ন থানা পরিদর্শন করেন। পরিদর্শন কর্মসূচিতে তারা পুলিশ কর্মী সহ থানা এলাকার সাধারন মানুষের সাথে কথা বলেন। পরিদর্শন শেষে জেলা পুলিশ সুপার অনুপম সিং জানান নির্বাচনকে অবাধ ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশন ছয় দফা নির্দেশ জারী করেছে। এগুলি হলো (১) সহিংসতা মুক্ত - অর্থাৎ কোনোরকম মারামারি বা হিংসাত্মক কার্যকলাপ করা যাবেনা, (২) ভয়মুক্ত অর্থাৎ ভোটারদের কোনোরকম ভয় ভীতি প্রদর্শন করা যাবেনা,(৩)প্রলোভন মুক্ত অর্থাৎ ভোটারদের কোনোরকম টাকা বা উপহার দিয়ে প্রভাবিত করা যাবেনা,(৪) ছাপ্পা নয় অর্থাৎ কোনোরকম প্রক্সি বা ভুয়া ভোট দেওয়া যাবেনা, (৫) বুথ জ্যামিং করা যাবেনা বা ভোট কেন্দ্রে কোনো বাধা সৃষ্টি করা যাবেনা, (৬) সোর্স জ্যামিং নয় অর্থাৎ যোগাযোগ ব্যবস্থায় কোনোরকম বাধা সৃষ্টি করা যাবেনা।এই নির্দেশ গুলির উল্লেখ করে জেলা পুলিশ সুপার বলেন প্রত্যেক ভোটার যাতে নির্ভয়ে ও স্বাধীনভাবে নিজ নিজ ভোট দিতে পারেন তার জন্য সব ধরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। একাজে সকলের সহযোগিতা প্রয়োজন, কোনোরকম সন্দেহজনক কিছু দেখলে সাথে সাথে প্রশাসনকে জানানোর জন্যও তিনি সাধারন মানুষের কাছে আবেদন জানান।

# ডাকাতির আগেই গ্রেপ্তার তিন



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২২ মার্চ :** শনিবার রাতে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে দুষ্কৃতি দমনে বড়োসড়ো সাফল্য পেলো নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। জানা গেছে শনিবার রাতে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ খবর পায় থানা এলাকার সেন্ট্রাল কলোনীর কোনো এক জায়গায় দশ বারো জন দুষ্কৃতি ডাকাতির উদ্দেশ্যে জড়ো হয়েছে। পুলিশ খবর পেয়েই অভিযান শুরু করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে কয়েকজন দুষ্কৃতি পালিয়ে যেতে সমর্থ হলেও তিন জনকে ধরে ফেলে পুলিশ। জানা গেছে ধৃতদের নাম বিকাশ সরকার,অখিল সরকার ও মাখন ভক্ত। ধৃতদের রবিবার জলপাইগুড়ি জেলা আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |